

নথি নম্বর: ৪৮.০০.০০০০.০০৬.৯৯.০০৬.১৮-১৮৮

তারিখ: ১১ আশ্বিন ১৪২৫
২৬ সেপ্টেম্বর ২০১৮

প্রজ্ঞাপন

সরকার মহান স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণকারী বীর মুক্তিযোদ্ধাদের পঞ্জিভুক্তির মাত্রা অনুযায়ী যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও প্রয়াত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা পরিবারকে বিভিন্ন হারে সম্মানী ভাতা প্রদান করে। এছাড়া, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা হিসেবে রাষ্ট্রীয় সম্মানী ভাতা পাওয়ার নিমিত্তে মুক্তিযোদ্ধাগণ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে নতুন আবেদন করে থাকেন। আবেদনকারী যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাগণকে দৈহিকভাবে পরীক্ষা-নিরীক্ষা করে পঞ্জিভুক্তির মাত্রা নির্ধারণের জন্য নিম্নরূপভাবে “যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের পঞ্জিভুক্তির মাত্রা নিয়ন্ত্রণ কমিটি” পুনর্গঠন করা হ’ল:

(১)	বিএ-১০০৫০৮ মেজর জেনারেল মোঃ মাহবুবুর রহমান, এফসিপিএস কনসালটেন্ট সার্জন জেনারেল সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস	সভাপতি
(২)	বিএ-১০০৬৭৮ ব্রিগেডিয়ার জেনারেল মুহাম্মদ শফিকুল আলম উপদেষ্টা শৈল্যা চিকিৎসা বিশেষজ্ঞ (অর্থোপেডিক) সিএমএইচ ঢাকা, ঢাকা সেনানিবাস	সদস্য
(৩)	ডাঃ মোঃ আব্দুল গনি মোল্লাহ (৩৪৩৫৯) পরিচালক ও অধ্যাপক জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান, শেরেবাংলা নগর, ঢাকা	সদস্য
(৪)	জনাব মোঃ মতিয়ার রহমান উপসচিব (বাজেট), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা	সদস্য
(৫)	জনাব আল-নূরী ফয়জুর রেজা পরিচালক (কল্যাণ), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮ মতিঝিল বা/এ, ঢাকা	সদস্য-সচিব

০২। কমিটির কার্যপরিধি:

- ক) কমিটির সভাপতি কার্যক্রম পরিচালনার সুবিধার্থে যে কোন কর্মকর্তা/ডাক্তার কোঅপ্ট করতে পারবেন;
- খ) কমিটি যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের ক্ষত কোন সময়ে (যুদ্ধের পূর্বে/যুদ্ধকালীন/যুদ্ধ পরবর্তী) হয়েছে তা চিহ্নিত করবেন; এবং
- গ) যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের প্রত্যেককে শারীরিকভাবে পরীক্ষা-নিরীক্ষা করে বর্তমানে প্রচলিত ‘এ’ শ্রেণি (৯৬-১০০%) / ‘বি’ শ্রেণি (৬১-৯৫%) / ‘সি’ শ্রেণি (২০-৬০%) / ‘ডি’ শ্রেণি (১-১৯%) পঞ্জিভুক্তির মাত্রার ক্রমানুসারে ক্যাটাগরী নির্ধারণপূর্বক একটি সমন্বিত তালিকা প্রস্তুত করে এ মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করবেন।

০৩। এ প্রজ্ঞাপন জারির তারিখ থেকে ০৩ ডিসেম্বর ২০১৭ মুবিম/প্রশা-২/যু:মু:বা:ক:/২/২০১১-৫৯২ প্রজ্ঞাপনমূলে জারিকৃত কমিটি এতদ্বারা বাতিল বলে গণ্য হবে।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হলো। ইহা অবিলম্বে কার্যকর হবে।

(এ এইচ এম মহসিন রেজা)
সহকারী সচিব
ফোন: ৯৫৬৯০৯৯